# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১০২

২. পবিত্রতা অর্জন (كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১৮. দুই লজ্জাস্থানের সঙ্গমে গোসল ওয়াজিব হওয়া

بَاب وَاجِبِ الْغُسْلِ إِذَا الْتَقَى الْخِتَانَانِ

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِك عَنْ أَبِي النَّضْرِ مَوْلَى عُمَرَ بْنِ عُبَيْدِ اللَّهِ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ أَنَّهُ قَالَ سَأَلْتُ عَائِشَةَ زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا يُوجِبُ الْغُسْلَ فَقَالَتْ هَلْ تَدْرِي مَا مَثَلُكَ يَا أَبَا سَلَمَةَ مَثَلُ الْفَرُّوجِ يَسْمَعُ الدِّيَكَةَ تَصْرُخُ فَيَصْرُخُ مَعَهَا إِذَا جَاوَزَ الْخِتَانُ الْخِتَانَ فَقَدْ وَجَبَ الْغُسْلُ

বাংলা

রেওয়ায়ত ৭২. আবু সালমা ইবন আবদুর রহমান ইবন আউফ (রহঃ) বলেনঃ আমি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পত্নী আয়েশা (রাঃ)-কে প্রশ্ন করিলাম, কোন কাজ গোসলকে ওয়াজিব করে? তিনি বলিলেনঃ হে আবু সালমা! তুমি জান, তোমার দৃষ্টান্ত কি? তোমার দৃষ্টান্ত হইতেছে মুরগীর বাচ্চার মত,[1] যে মোরগকে যখন ডাক দিতে শোনে, তখন সেও মোরগের সহিত ডাক দেয়। শোন, (পুরুষের) লজ্জাস্থান (স্ত্রীর) লজ্জাস্থান অতিক্রম করিলে গোসল ওয়াজিব হইবে।

## English

Yahya related to me from Malik from Abu'n Nadr, the mawla of Umar ibn Abdullah that Abu Salamaibn Abdar-Rahman ibn Awf related that he had asked A'isha, the wife of the Prophet, may Allah bless him and grant him peace, what made ghusl obligatory. She said, "Do you know what you are like, Abu Salama? You are like a chick when it hears the cocks crowing and so crows with them. When the circumcised part passes the circumcised part, ghusl is obligatory."

ফুটনোট

[1] আবু সালমা (রাঃ) শুধু মিলনে নয় শুক্র নির্গত হইলেই কেবল গোসল ওয়াজিব হইবে- এই মত পোষণকারীদের একজন। আয়েশা (রাঃ) তাহার এই মতের জন্য প্রথমে তাহাকে তিরস্কার করিলেন ও পরে প্রশ্নের উত্তর দিলেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72994

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন